

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।  
ওয়েব সাইটঃ [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.১২৮.১৩.৫৬৭

তারিখঃ ২০/০৭/২০১৬খ্রিঃ।


বিষয়ঃ দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতিকালে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষার্থী জঙ্গী কার্যক্রমের সাথে জড়িত থাকার খবর বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে, যা জাতীয় ও রাষ্ট্রীয় নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ। এহেন পরিস্থিতিতে তাঁর প্রতিষ্ঠানের কোন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী পর পর ১০ দিন অথবা দীর্ঘদিন অনুপস্থিত থাকলে সেদিকে সতর্ক দৃষ্টি রাখা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা প্রয়োজন।

২। শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী যাতে এ ধরনের কর্মকাণ্ডে জড়িত হওয়ার সুযোগ না পায় সে জন্য শিক্ষক কর্মচারীদের বিষয়ে “অধ্যক্ষ” এবং শিক্ষার্থীদের বিষয়ে “গাইড শিক্ষক” ও “বিভাগীয় প্রধানগণ” ব্যক্তিগতভাবে তদারকি করবেন।

৩। এমতাবস্থায়, কোন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী দীর্ঘদিন অনুপস্থিত থাকলে এবং জঙ্গী সংশ্লিষ্টতা সন্দেহ হলে তাদের বিষয়ে প্রয়োজনীয় খোঁজ খবর নিয়ে অত্র অধিদপ্তরকে/স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো। অন্যথায় বিষয়টি “অসদাচরণ” হিসাবে গণ্য করে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

  
২০.৭.২০১৬  
(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক (প্রশাসন)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

অধ্যক্ষ,

টিটিটিসি/ইঞ্জিনিয়ারিং কলেজ /পলিটেকনিক/

গ্রাফিক আর্টস/গ্লাস এন্ড সিরামিক/সার্ভে/ফেনী

কম্পিউটার ইনস্টিটিউট/ভিটিটিআই /টিএসসি -----।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে)ঃ

- ১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (আঞ্চলিক), ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/সিলেট/বরিশাল/চট্টগ্রাম/রংপুর/খুলনা অঞ্চল, -----।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।